

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৬

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য: "অতঃপর সে ব্যক্তি দিবারাত্রি তা খরচ করে" এর দ্বারা উদ্দেশ্য হলো সে ব্যক্তি সাদাকা করে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَهُوَ يُنْفِقُ مِنْهُ آنَاءَ اللَّيْلِ وَآنَاءَ النَّهَارِ أَرَادَ بِهِ فَهُوَ يَتُصَدَّقُ بِهِ

আরবী

أَخْبَرَنَا بن قتيبة حدثنا حرملة حدثنا بن وهب أخبرني يونس عن بن شِهَابٍ أَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "لَا حَسَدَ إِلَّا عَلَى الْنَهُ عَلَيْهِ وَسَلَّمَ: "لَا حَسَدَ إِلَّا عَلَى الْنَهُ بَنُ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "لَا حَسَدَ إِلَّا عَلَى الْنَهُ مَالًا اثْنَاءُ اللَّهُ هَذَا الْكِتَابَ فَقَامَ بِهِ آنَاءَ اللَّيْلِ وَالنَّهَارِ وَرَجُلٌ أَعْطَاهُ اللَّهُ مَالًا فتصدق به آناء الليل وآناء النهار"

الراوي: عبد الله بن عمر ا المحدث: شعيب الأرنؤوط ا المصدر: صحيح ابن حبان المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১২৬.সালিম রাহিমাহুল্লাহ তাঁর বাবা আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুমা থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কেবল দুই ধরণের ব্যক্তির ক্ষেত্রেই ঈর্ষা করা যায়। (১) ঐ ব্যক্তি যাকে আল্লাহ এই কিতাব তথা কুরআন দান করেছেন, অতঃপর সে ব্যক্তি তা দিয়ে দিবারাত্রি দাঁড়িয়ে সালাত আদায় করেন। (২) যাকে আল্লাহ সম্পদ দিয়েছেন, অতঃপর সে ব্যক্তি দিবারাত্রি তা সাদাকা করেন।" [1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮১৫, ২৬৭; ইমাম ত্বহাবী, মুশকিলুল আসার: ১/১৯০-১৯১; মুসনাদ আহমাদ: ২/১৫২। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন